মেহেরপুরের গাংনীতে জাতীয় ভোটার দিবস উদযাপিত

মেহেরপুরের গাংনীতে জাতীয় ভোটার দিবস উদ্যাপিত হয়েছে। আজ সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা নির্বাচন অফিস ও উপজেলা প্রশাসনের আয়োজনে এ দিবসটি উদ্যাপিত হয়।

দিবসটি পালন উপলক্ষে প্রথমে একটি র্যালি উপজেলা পরিষদ চত্বর থেকে বের হয়ে হাসপাতাল প্রদক্ষিণ করে পূর্বের স্থানে এসে শেষ হয়। পরে উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এবারের প্রতিপাদ্য বিষয় “ ভোটার হয়ে ভোট দেব, দেশ গড়ায় অংশ নেব” সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন। গাংনী মডেল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা’র সঞ্চালনায় অনুষ্ঠানের স্বাগত বক্তব্য রাখেন উপজেলা নির্বাচন কর্মকর্তা রশিদুল আলম।

গাংনীতে প্রতিবন্ধী মা হলেও বাবা হয়নি কেউ

অবশেষে মা হলেন আলোচিত প্রতিবন্ধী রোকেয়া খাতুন। এক নরপশুর লালসার শিকার হয়ে গর্ভবতী হলেও স্ত্রীর স্বীকৃতি পাইনি মানসিক ওই প্রতিবন্ধী। প্রতিবন্ধী হয়ে ভালমন্দ কিছু না বুঝলেও মাতৃত্বের স্বাদে চরম আনন্দ করছেন তিনি।

গতকাল রবিবার সকালে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি ফুট

ফুটে কন্যা সন্তানের মা হতে পেরে ঘাড় নাড়িয়ে আনন্দের কথা জানাচ্ছেন উপস্থিত সকলকে।

জানাগেছে, গাংনী উপজেলার হিন্দা পশ্চিম পাড়া গ্রামের মৃত নিফাজ উদ্দীনের প্রতিবন্ধী কন্যা রোকেয়া খাতুন। পিতার অবর্তমানে বড় ভাইয়ের কাছে জীবন যাবন করতেন। একই গ্রামের খবির উদ্দীন নামের এক লম্পট প্রতিবেশী সুযোগ বুঝে প্রতিবন্ধী রোকেয়াকে জোর করে ধর্ষন করে। ধর্ষনের কথা কাউকে বল্লে হত্যার হুমকিও দেয়া হয়। এক পর্যায়ে প্রকৃতির নিয়মে প্রতিবন্ধী রোকেয়া গর্ভবতী হয়ে পড়ে। শারীরিক গঠন দিনদিন পরিবর্তন লক্ষ্য করে স্থানীয়দের মধ্যে শুরু হয় নানা গুঞ্জন।

অবশেষে রোকেয়ার ভাই ও ভাবী সমাজের কাছে হেয় প্রতিপন্ন হলে সামাজিক শালিশের মাধ্যমে রোকেয়া খবির উদ্দীনের নাম প্রকাশ করেন। খবির উদ্দীনকে বিষয়টি জানানো হয় এবং রোকেয়াকে বিয়ের প্রস্তাব দেয় হয়। বিয়ের প্রস্তাবে খবির কোন ভাবেই রাজি না হলে রোকেয়ার ভাবী রিকাতন বাদী হয়ে গত ১০/১০/২০১৯ সালে গাংনী থানায় একটি ধর্ষন মামালা করেন। মামলা নং ১০।

মামলার তদন্ত কর্মকর্তা এসআই মহম্মদ আলী রেজা খবির উদ্দীনকে গ্রেফতার করে জেল হাজতে প্রেরন করেন। খবির উদ্দীন বর্তমানে জেল হাজতেই রয়েছেন বলে জানিয়েছেন মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই মহম্মদ আলী রেজা।

সৃষ্টিকর্তার অপার মহিমায় প্রতিবন্ধী রোকেয়া খাতুন প্রসব যন্ত্রনায় ছটফট করলে তাকে শনিবার রাতে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গাইনি ও প্রসূতি বিভাগে ভর্তি করেন। গতকাল রবিবার ভোর রাতে তার কোল জুড়ে ভুমিষ্ট হয় ফুটফুটে এক কন্যা সন্তান। সন্তানের মুখ দেখে আনন্দে আত্মহারা প্রতিবন্ধী রোকেয়া।

এদিকে রোকেয়ার সন্তান হওয়ার খবর এলাকায় ছড়িয়ে পড়লে উৎসুক জনতা মা ও মেয়েকে দেখতে স্বাস্থ্য কমপ্লেক্সে ভিড় জমায়।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের টিএইসএ ডা: রিয়াজুল আলম বলেন, রোকেয়ার সাভাবিক প্রসব হয়েছে। মা মেয়ে দুজনেই সুস্থ্য আছেন। রোকেয়ার নবজাতক মা খুঁজে পেলেও বাবা হয়নি কেউ।

মেপ্র/আরপি

গাংনীতে আবাদী জমিতে পুকুর কাটার মহোৎসব

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে ফসলী জমিতে পুকুর কাটার (খনন) মহোৎসব চলছে। প্রতিদিনই নানা স্থানে প্রশাসনের দৃষ্টি আড়াল করে অবাধে ২ ও ৩ ফসলী জমিতে পুকুর কাটার অভিযোগ পাওয়া যাচ্ছে।

অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে ঘুরে দেখা গেছে, উপজেলার জোড়পুকুরিয়া মাঠে জোড়পুকুরিয়া গ্রামের প্রভাবশালী ফজলুর রহমান বিশ্বাস ক্ষমতাসীন দলের নেতা তার আবাদী ৩ বিঘা জমি ও জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম জমিতে এসকেবেটর মেশিন দিয়ে পুকুর কাটাচ্ছেন।

পাশেই অবসরপ্রাপ্ত শিক্ষক খলিলুর রহমান, অবঃ সেনা সদস্য জামাল, নুরুন্নবী, শাহাবউদ্দীন, রমজান মাষ্টার, জুগিরগোফা গ্রামের আবুল কাশেমের ছেলে আলম হোসেন ও (ফায়ার সার্ভিস কর্মী) দেড় বিঘা জমিতে পুকুর খনন করেছেন। একই ভাবে জুগিরগোফা ইউনিয়ন পরিষদের পার্শ্বের মাঠে একাধিক আবাদী ধানী জমিতে বড় বড় পুকুর খনন করেছেন।

অন্যদিকে উপজেলার জোড়পুকুরিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পার্শ্বের মাঠে ২-৩ ফসলী জমিতে পাশাপাশি ৫-৬ টি পুকুর খনন করা হয়েছে। এমনি করে ষোলটাকা, সহড়াবাড়ীয়া, রায়পুর গ্রামে আবাদী জমিতে দেদারসে পুকুর খনন চলছে। হাইকোর্টের সরকারী নিষেধাজ্ঞা বা প্রশাসনের অনুমতি নেয়ার প্রয়োজনবোধ মনে করেনি।

এব্যাপারে নারী নেত্রী নুরজাহান বেগম দম্ভ করে বলেন, আমার জমিতে আমি পুকুর খনন করছি। এতে সাংবাদিকদের বা সরকারের কি! ২/১ দিন আগে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা হলে সাহারবাটি ইউপি ভূমি সহকারী অফিসার সরেজমিনে নিষেধ করে আসলেও আবার পুকুর খনন শুরু হয়েছে।

এব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, উপজেলার সকল ক্ষেত্রে জনগণকে সরকারী আইন সম্পর্কে অবহিত করা হলেও অনেকে এসব নিয়ম মানছেন না। আইনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে যেন এক শ্রেণির

মানুষ মহোৎসব মনে করে আবাদী বা ফসলী জমিতে পুকুর খনন করছে।

তবে পার্শ্ববর্তী ক্ষতিগ্রস্থ জমির মালিকরা অভিযোগ দিলে মোবাইল কোর্ট পরিচালনা করে ব্যবস্থা নেয়া হবে। প্রভাবশালী মহলের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার জন্য জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেছে এলাকাবাসী।

মেপ্র/আরপি

খালেদা জিয়াকে জামিন দেওয়া না দেওয়া আদালতের বিষয়

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, বিএনপি একটি রাজনৈতিক দল। রাজনৈতিক দল হিসেবে বিএনপির চেয়ারপার্সন খালেদা জিয়ার মুক্তির দাবিতে আন্দলন করতেই পারে। কিন্তু আজ জনগণ তাদের প্রত্যাখান করেছে।

যে কারণেই তারা আন্দোলন করলেও জনগণকে পাচ্ছে না। তিনি বলেন, খালেদা জিয়া আদালতের একটি রায়ে কারান্তরিণ রয়েছেন। তাকে জামিন দেওয়া হবে কি হবে না সেটি আদালত বিবেচনা করবে।

রবিবার সকালে মেহেরপুরের মজিবনগর স্মৃতি কমপ্লেক্স পরিদর্শনকালে তিনি সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা গুলো বলেন।

মন্ত্রী পুলিশ বিভাগ নিয়ে বলেন, পুলিশও এদেশের একজন মানুষ। সেও ভুল করতেই পারে। সে ভুল করলে আইনুনাযাযী তার বিচার হবে। তবে দশ বছর আগের পুলিশ আর এখনকার পুলিশ এক নয়।

মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স পরিদর্শন শেষে তিনি মেহেরপুর সদর উপজেলার ঐতিহাসিক আমঝুপি নীলকুঠি পরিদর্শন করেন। পরে বিকালে মেহেরপুর শহীদ ড. সামসুজ্জোহা পার্কে জেলা পুলিশের আয়োজনে মাদক, সন্ত্রাস ও জঙ্গী বিরোধী জনসমাবেশে প্রধান অতিথির বক্তব্য দেন।

এসময় তিনি বলেন, দশ এগারো বছর আগে আপনারা যে পুলিশ বাহিনী দেখেছেন, এখনকার পুলিশ আর সেই যায়গায় নাই। সন্ত্রাস জঙ্গিবাদ নিয়ন্ত্রণে পুলিশ এখন যথেষ্ট সক্ষম ও জনবান্ধব।

মন্ত্রী বলেন, ২০০৮ সালের বর্তমান প্রধান মন্ত্রী শেখ হাসিনা ঘোষনা দিয়েছিলেন, বাংলাদেশকে বদলে দিবেন। তিনি এরই মধ্যে বাংলাদেশকে বদলে দিয়েছেন। জঙ্গি ও মাদক নিয়ন্ত্রণে জিরো টলারেন্স নীতির কথা বলেন । বাংলাদেশে আগে যে মাদক নিয়ন্ত্রন বিভাগ ছিল, সেটা গুটি কয়েক জনবল নিয়ে খুড়িয়ে খুড়িয়ে চলতো। কিন্তু বর্তমান সরকার মাদক নিয়ন্ত্রণ বিভাগকে জনবলসহ পুরোপুরি ঢেলে সাজানো হয়েছে। মাদক নিয়ন্ত্রণে ইতিমধ্যে এই বিভাগ সফলতার সাথে সক্রিয় ভূমিকা পালন করছে।

মাদকাসক্ত ঐশির মতো আর যেন কেউ বাবা মাকে হত্যা করতে না পারে সেজন্য দিন রাত কাজ করছে পুলিশসহ প্রশাসনের সকল বিভাগ।

মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর- ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন, মেহেরপুর -২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন, খুলনা রেঞ্জের ডিআইজি ড. মহিদ উদ্দিন বিপিএম (বার), জেলা প্রশাসক মো: আতাউল গনি, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, সহসভাপতি এম এ হালিম, জেলা কমিউনিটি পুলিশিং কমিটির সভাপতি ডা. এম এ বাশার।

জনসমাবেশ মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, পৌর মেয়র মাহফুজুর রহমান, উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলামসহ বিভিণ্ন শ্রেণী পেশার মানুষ অংশ নেন।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে প্রেমিককে পিটিয়ে

হত্যা করার অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতায় প্রেমিক তপনকে (২৭) পিটিয়ে হত্যা করার অভিযোগ উঠেছে প্রেমিকার আত্মীয় স্বজনদের বিরুদ্ধে।

গত শনিবার রাত সাড়ে ১১ টার দিকে তাকে পিটিয়ে আহত করলেও রবিবার দুপুরে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে যাওয়ার পথে তার মৃত্যু হয়।
নিহত তপন মেহেরপুর সদর উপজেলার গোপালপুর গ্রামের আনছার আলীর ছেলে।

প্রেমিকা রোমানা (১৬) বুড়িপোতা গ্রামের রশিদুল ইসলামের মেয়ে।

তপনের প্রেমিকা রোমানা জানান, তার সাথে একই উপজেলার গোপালপুর গ্রামের আনছার আলীর ছেলে তপনের দির্ঘদিন ধরে প্রেম চলছিল। গত শনিবার রাতে তাদের পালিয়ে বিয়ে করার কথা ছিল।

কথামত তপন রাত সাড়ে ১১ টার দিকে তার এক বন্ধুকে নিয়ে বুড়িপোতা যায়। এসময় রোমানা রাস্তায় বের হয়ে আসলে তার এক দুসম্পর্কের মামা স্থানীয় চৌকিদার আনোয়ার হোসেন দেখে ফেলে। তখন আনোয়ার সহ গ্রামের বেশ কয়েকজন গাছের ডাল দিয়ে গণপিটুনি দিয়ে আহত করে।

মুমুর্ষ অবস্থায় স্থানীয় কিছু যুবক তপনকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। রবিবার সকালে তার অবস্থা অবনতি হলে তাকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়। রাজশাহী নেওয়ার পথে দুপুরের দিকে তার মৃত্যু হয়।

তপনের পিতা আনছার আলী জানান, আমার ছেলেকে যারা পিটিয়ে হত্যা করেছে তাদের বিচার চাই।

এস আই অর্জুন কুমার সরকার জানান, রবিবার বিকালে ৯৯৯ থেকে ফোন করা হলে ঘটনাস্থলে গিয়ে মেয়েটিকে উদ্ধার করে নিয়ে আসি।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, আমরা অভিযোগ পেয়ে ঘটনাস্থলে গিয়ে মেয়েটিকে পুলিশি হেফাজতে নেওয়া হয়েছে, যাতে অভিযুক্তরা ঘটনাটি ভিন্ন খাতে প্রবাহিত করতে না পারে। লাশের ময়নাতদন্ত করা হবে। অভিযুক্তদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

মেপ্র/এমএফআর

গাংনীতে বৈদেশিক কর্মসংস্থানে দক্ষতা ও সচেতনতা শীর্ষক প্রচার ও প্রেস ব্রিফিং ও সেমিনার অনুষ্ঠিত।

মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসন আয়োজিত বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষতা ও সচেতনতা শীর্ষক প্রচার, প্রেস ব্রিফিং ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে।
রবিবার দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তার সভা কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

উপজেলা সহকারি কমিশনার (ভূমি) ইয়ানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, কুৃষ্টিয়া কর্মসংস্থান অফিস কুষ্টিয়ার সহকারি পরিচালক মুশফিকুর রহমান, মেহরপুর কারিগরি প্রশিক্ষন অধিদপ্তরের অধ্যক্ষ শহিদুল ইসলাম।

এ সময় উপজেলা পরিষদের সকল ইউনিটের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও সাংবাদিকগণ উপস্থিৎ ছিলেন।
পরে সচেতনতামুলোক নাটিকা পরিবেশন করা হয়।

খালেদা জিয়ার মুক্তির বিষয়টা কোর্ট বিবেচনা করবে-

স্বরাষ্ট্রমন্ত্রী

বিএনপি একটি রাজনৈতিক দল। তার রাজনৈতিক দল হিসাবে বিএনপির চেয়ারপার্সন খালেদা জিয়ার মুক্তির দাবিতে তারা আন্দলন করতেই পারে।তাছাড়া খালেদা জিয়ার মুক্তি দেবে কি দেবেনা সে বিষয়টা কোর্ট বিবেচনা করবে।

রবিবার সকাল এগারোটার দিকে মুজিবনগর পরিদর্শনকালে বিএনপি খালেদা জিয়ার মুক্তির দাবিতে বার বার আন্দলোন করছে বলে সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে এ সকল কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।

এর আগে তিনি মুজিবনগর পৌছায়ে মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পন করেন। পরে তিনি মুজিবনগরের বিভিন্ন স্থাপনা ঘুরে ঘুরে দেখেন।

এ সময় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, মেহেরপুর জেলা প্রশাসক আতাউল গনী,পুলিশ সুপার মুস্তাফিজুর রহমান উপস্থিত ছিলেন।

বীমা দিবস উপলক্ষ্যে উদ্বুদ্ধকরণ সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত।

“বীমা দিবসে শপথ করি, উন্নত দেশ গড়ি”। এ প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে ১ম জাতীয় বীমা দিবস অনুষ্ঠিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে উদ্বুদ্ধকরণ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

রবিবার সকাল সাড়ে ১০টার সময় উপজেলা নির্বাহী কর্মকর্তার সভা কক্ষে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোঃ সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন প্রমুখ।
অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন সহকারি কমিশনার (ভূমি) ইয়ানুর রহমান।

মেহেরপুরে জমকালো আয়োজনে শুরু হলো পুনাক তাঁতবস্ত্র মেলা

মেহেরপুর পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) এর আয়োজনে মাস ব্যাপী শুরু হলো তাঁতবস্ত্র, ক্ষুদ্র কুটির শিল্প মেলা।

মেহেরপুর সরকারি কলেজ মাঠে শনিবার সন্ধায় মাসব্যাপী এই মেলার উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী মেহেরপুর-১ আসনের সাংসদ ফরহাদ হোসেন।

উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেলার মূল আয়োজক পুনাক এর সভাপতি তাহেরা রহমান।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আতাউল গনি, পুলিশ সুপার মুরাদ আলী, অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম।

উদ্বোধন অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম, সদর থানার ওসি শাহ দারা খান, গাংনী থানার ওসি ওবাইদুর রহমান, মুজিবনগর থানার ওসি আব্দুল হাসেম, জেলা সেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল এনাম বকুল, মুজিবনগর উপজেলার চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস, ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, সদর উপজেলা ভাইসচেয়ারম্যান মোমিনুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান চেয়ারম্যান শাহজামান, সহ জেলা পুলিশের বিভিন্ন সদস্য।

মাসব্যাপী এই মেলা যা থাকছে- চোখ ধাঁধানো মনোরম পরিবেশ, রং বেরঙের আলোকসোজ্জা, দেশী বিদেশি বাহারী পণ্য সামগ্রী ও মুখোরোচক খাবার নিয়ে প্রায় শতাধিক স্টল, সেই সাথে বিনোদনের

জন্য ঐতিহ্যবাহী সার্কাস।

মেপ্র/আরপি

তরুণ প্রজন্মকে প্রশিক্ষণ দিয়ে উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে হবে – জনপ্রশাসন প্রতিমন্ত্রী

কাঙ্খিত সময়ে উন্নয়নের লক্ষমাত্রা অর্জনে তরুণ প্রজন্মকে প্রশিক্ষণ দিয়ে উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে হবে, আর এ দায়িত্ব সরকারের সব বিভাগের তবে বিসিককে এক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখতে হবে বলে জানিয়েছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

শনিবার সকালে মেহেরপুরের মুজিবনগরে পর্যটন মোটেলের কনফারেন্স হলে বাাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন বিসিকের কর্মকান্ড গতিশীল করার লক্ষে “বিসিকের খুলনা বিভাগের কর্মকর্তাদের নিয়ে দিনব্যাপী উদ্বুদ্ধকরণ কর্মশালা” শীর্ষক দিনব্যাপী এক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা জানান তিনি।

ইউরোপিয়ান ইউনিয়নের প্রিজম প্রকল্প এবং বিসিক যৌথ ভাবে এ কর্মশালার আয়োজন করে।

অনুষ্ঠানে প্রতিমন্ত্রী বলেন, রুপকল্প ২০২১ লক্ষ অর্জন এবং ২০২১ সালে মধ্যম আয়ের দেশে উন্নীত হতে কাজ করে যাচ্ছে সরকার। ক্ষুদ্র এবং কুটির শিল্পকে বাদ দিয়ে অর্থনৈতক উন্নয়ন এবং প্রবৃদ্ধি অর্জন সম্ভব না। তাই শিল্পায়ন, প্রবৃদ্ধি অর্জন, রুপকল্প ২০২১ অর্জন এবং শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলা করতে দেশে যে প্রচুর তরুণ রয়েছে তাদের উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে হবে। বিশেষ করে ক্ষুদ্র শিল্পের তরুণ উদ্যোক্তারা যাতে সব সুযোগ সুবিধা পায় সে দিকে লক্ষ রাখতে হবে। এজন্য অর্থায়নসহ সব রকমের সহায়তার পাশাপাশি

প্রশিক্ষণ জরুরী বলেও মন্তব্য করেন তিনি।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, দেশ চতুর্থ শিল্প বিপ্লবের দারপ্রান্তে, তা মোকাবিলায় সে ভাবে প্রস্তুতি গ্রহণ করে কাজ করতে হবে।
সরকার ভবিষ্যত প্রজন্মের জন্য একটা ভালো সমাজ, দেশ, সরকার এবং উন্নত সমৃদ্ধ বাংলাদেশ রেখে যেতে চায় জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, দেশের কল্যাণে প্রতিটি মূহুর্ত পরিশ্রম করতে হবে, কাজ বা দায়িত্ব এড়িয়ে যাওয়া যাবে না। একইসাথে সব কার্যালয় এবং বিভাগে সেবা প্রদানের মানসিকতা গড়ে তুলতে হবে ও পরিস্কার পরিচ্ছন্নতার দিকেও নজর দিতে হবে। তাহলে কাঙ্খিত সময়ে উন্নত ও সমৃদ্ধ দেশ গড়ে তোলা সম্ভব হবে।

কর্মশালায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান, শিল্প মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আবদুল হালিম, বিসিকের চেয়ারম্যান মোশতাক হাসান, মেহেরপুরের জেলা প্রশাসক, জেলা ম্যাজিস্ট্রেট মো: আতাউল গণি, প্রিজম প্রকল্পের জাতীয় প্রকল্প পরিচালক ড. মোহাম্মদ আব্দুস ছালাম ও প্রিজম প্রকল্পের টিম লিডার আলী সাবেত।
কর্মশালায় বিসিকের খুলনা বিভাগের জেলাগুলোয় কর্মরত প্রায় ৭০ জন কর্মকর্তা অংশ গ্রহণ করেন।

মেপ্র/ইএম